

শিক্ষার্থীদের সুবিধার জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং 'নগদ'-এর মধ্যে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সুবিধার কথা বিবেচনা করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং 'নগদ'-এর মধ্যে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান ' ১ এপ্রিল ২০২১-বৃহস্পতিবার উপাচার্যের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং 'নগদ লিমিটেড' এর পক্ষে চিফ এক্সিকিউটিভ অফিসার রাহেল আহমেদ চুক্তিতে স্বাক্ষর করেন।

উল্লেখ্য, এই চুক্তির মাধ্যমে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা তাদের বেতন, পরীক্ষার ফিসহ অন্যান্য পরিশোধযোগ্য ফি 'নগদ' এর মাধ্যমে পরিশোধ করতে পারবে। এছাড়া GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষা (২০২০-২১)-এর পরীক্ষা ফিও 'নগদ' এর মাধ্যমে পরিশোধ করতে পারবে।

চুক্তিতে Witness হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, অর্থ ও হিসাব দপ্তরের পরিচালক ড. কাজী নাসির উদ্দিন এবং 'নগদ লিমিটেড' এর AGM & Head of Utility & Edu Payment সোহেল এস. তাসনিম এবং সিনিয়র এক্সিকিউটিভ সাদ আজাদ স্বাক্ষর করেন।

এসময় প্রক্টর ড. মোস্তফা কামাল, আইসিটি সেলের পরিচালক অধ্যাপক ড. উজ্জ্বল কুমার
আচার্যসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক এবং 'নগদ লিমিটেড' এর কর্মকর্তাবৃন্দ
উপস্থিত ছিলেন।